



## গফরগাঁওয়ে ছয় লাখ টাকা আত্মসাতের ঘটনায় সাংবাদিক পরিচয়ধারী ৩ জন আটক



আটককৃত ভূয়া সাংবাদিক

গফরগাঁওয়ের ব্রহ্মপুত্র নদের পাড় মিডিয়া পার্ক এলাকা থেকে র‌্যাকমেইল করে ছয় লাখ টাকা আদায়ের অভিযোগে সাংবাদিক পরিচয়ধারী তিন ব্যক্তিকে আটক করেছে সেনাবাহিনী। গোপন সংবাদের ভিত্তিতে আজ শনিবার (১৪ জুন) বিকেলে গফরগাঁও পৌরসভার সালটিয়া ব্রিজ মিডিয়া পার্ক এলাকায় অভিযান পরিচালনা করে এই প্রতারক চক্রকে আটক করে সেনাবাহিনী। দুই ঘণ্টার এই অভিযানে সন্ধ্যায় দুইজন এবং রাত আনুমানিক ৭টার দিকে আরও একজনকে আটক করা হয়।

আটককৃতরা হলেন, মো. খাদিমুল ইসলাম, মো. সলিমুল্লাহ এবং মাজাহারুল হক। এই তিনজনই ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলার এলাকার বাসিন্দা। ভুক্তভোগী আনারুল হক জানান, আটকৃত তিন ব্যক্তি নিজেকে সাংবাদিক পরিচয় দিয়ে ভয়ভীতি ও মানহানিকর তথ্য প্রকাশের হুমকি দিয়ে তার কাছ থেকে মোট ছয় লাখ টাকা আদায় করে। আটকের পর প্রাথমিক জিজ্ঞাসাবাদে তারা অভিযোগের সত্যতা স্বীকার করে। গফরগাঁও অস্থায়ী সেনা ক্যাম্পের সদস্যরা রাত নয়টার দিকে আটকৃতদের গফরগাঁও থানায় হস্তান্তর করে। অভিযানের নেতৃত্ব দেন এফএস সার্জেন্ট আজিজ এবং সেনাসদস্যরা।

এ ঘটনায় স্থানীয় পর্যায়ে বেশ চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। গফরগাঁও থানা পুলিশ বিষয়টি আইনগতভাবে তদন্ত করছে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলমান। গফরগাঁও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ শিবিরুল ইসলাম বলেন, আটককৃতরা নিজেদের সাংবাদিক পরিচয় দিয়ে এই অপরাধ সংঘটিত করে। এছাড়া জাতীয় গনমাধ্যম "প্রতিদিনের বাংলাদেশ" পত্রিকার নাম ভালিয়ে চাঁদাবাজি করে আসছিলো এই প্রতারক চক্রটি। একই সাথে তারা নিজেরাই জাতীয় গনমাধ্যম প্রতিদিনের বাংলাদেশ এর নামে ওয়েবসাইট চালিয়ে আসছিলেন। গভঃ রেজিস্ট্রেশন বিহীন স্থানীয় নিউজ পোর্টাল প্রতিদিনের বাংলাদেশ এর পরিচয়ধারী এই ভূয়া ও প্রতারক তিনজনের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।